

# মেটলাইফ ফিক্সড ডিপোজিট প্রটেকশন প্ল্যান (এমএফডিপিপি)

## সঞ্চয়ে সুরক্ষিত হোক ভবিষ্যৎ, শুধুমাত্র একবার প্রিমিয়াম প্রদান করেই

MetLife

জীবনের পথে চলি একসাথে

# মেটলাইফ ফিক্সড ডিপোজিট প্রটেকশন প্ল্যান (এমএফডিপিপি)

## সঞ্চয়ে সুরক্ষিত হোক ভবিষ্যৎ, শুধুমাত্র একবার প্রিমিয়াম প্রদান করেই

আমরা জানি আপনার বর্তমান জীবন উপভোগ বা ভবিষ্যৎ জীবন সুরক্ষিত করার জন্য আর্থিক সুরক্ষা কতটা গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে, শুধুমাত্র একবার প্রিমিয়াম প্রদান করেই আপনি আপনার ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে পারেন, যা আপনাকে পলিসির মেয়াদ শেষে মেয়াদপূর্তি মূল্য পেতে এবং বিশ্বমানের বীমা সুবিধা উপভোগ করতে সাহায্য করবে। বারবার প্রিমিয়াম প্রদানের প্রয়োজন নেই বলেই এটি আপনার জন্য একটি সুবিধাজনক পলিসি হতে পারে।

## এমএফডিপিপি কেন কিনবেন ?

- সাশ্রয়ী একক প্রিমিয়াম প্রদান পদ্ধতি। বারবার প্রিমিয়াম প্রদানের প্রয়োজন নেই।
- আপনার একক প্রিমিয়ামের প্রায় ২.৫ গুণ পর্যন্ত আর্থিক সুরক্ষা
- ১৫ বছর পর্যন্ত বীমা সুরক্ষা
- আয়কর রেয়াত সুবিধা
- মেয়াদ শেষে মেয়াদপূর্তি মূল্য প্রদান
- বিশ্ব মানের বীমা সুরক্ষা:
  - স্বাভাবিক মৃত্যু
  - দুর্ঘটনাজনিত মৃত্যু
  - দুর্ঘটনাজনিত স্থায়ী আংশিক অক্ষমতা
  - দুর্ঘটনাজনিত স্থায়ী পূর্ণাঙ্গ অক্ষমতা

## একনজরে মেটলাইফ ফিক্সড ডিপোজিট প্রটেকশন প্ল্যান (এমএফডিপিপি) পলিসি

| | | |
|---|---|---|
| **পলিসি নেওয়ার বয়স** | সর্বনিম্ন: ১৮বছর | সর্বোচ্চ:৬০ বছর |
| **বীমার মেয়াদ** | সর্বনিম্ন: ৫ বছর | সর্বোচ্চ: ১৫ বছর |
| **ফেস ভ্যালু/অভিহিত মূল্য** | **পলিসির অভিহিত মূল্য নির্ধারিত হবে বীমার মেয়াদের সাপেক্ষে। যেমন,**<br>• ৫-৭ বছর মেয়াদের জন্য অভিহিত মূল্য হবে আপনার একক জমাকৃত প্রিমিয়ামের ১.৫ গুন<br>• ৮-১১ বছর মেয়াদের জন্য অভিহিত মূল্য হবে আপনার একক জমাকৃত প্রিমিয়ামের ২ গুন<br>• ১২-১৫ বছর মেয়াদের জন্য অভিহিত মূল্য হবে আপনার একক জমাকৃত প্রিমিয়ামের ২.৫ গুন | |
| **সর্বনিম্ন ফেস ভ্যালু/অভিহিত মূল্য** | ১০০,০০০ টাকা। | |
| **সর্বোচ্চ ফেস ভ্যালু/অভিহিত মূল্য** | কোম্পানির আন্ডার রাইটিং নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ফেস ভ্যালু / অভিহিত মূল্য নির্ধারণ করা হবে। | |
| **মেয়াদপূর্তি সুবিধা** | বীমা নিরাপত্তার আওতাধীন কোন প্রকার ক্ষতি ছাড়াই যদি এমএফডিপিপি এর মেয়াদপূর্তি হয় তবে ঐ পলিসিটির অ্যাকাউন্ট ভ্যালুর ১০০% বীমাকৃত ব্যক্তিকে প্রদান করা হবে। | |

| | |
|---|---|
| **আয়কর রেয়াত সুবিধা** | বাংলাদেশের আইন অনুযায়ী আপনি আয়করের প্রযোজ্য কর সুবিধা/ কর অব্যহতির জন্য মনোনীত হবেন যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনি আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন। |
| **আর্থিক কভারেজ / সুরক্ষা: স্বাভাবিক মৃত্যু** | দুর্ভাগ্যবশতঃ মেয়াদপূর্তির আগে বীমাকৃত ব্যক্তি যদি স্বাভাবিক কারণে মৃত্যু বরণ করেন তবে মৃত্যুর তারিখে তাঁর এমএফডিপিপি এর অ্যাকাউন্ট ভ্যালু অথবা পলিসিটির অভিহিত মূল্য (Face Amount)-র মধ্যে যেটি বেশি হয় তা মনোনীত সুবিধাগ্রাহীকে প্রদান করা হবে। |
| **আর্থিক কভারেজ / সুরক্ষা: দুর্ঘটনাজনিত মৃত্যু** | দুর্ঘটনাজনিত আঘাতের কারণে মেয়াদপূর্তির আগে এমএফডিপিপি বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে প্রাপ্য সুবিধা সমূহ:<br>(১) এমএফডিপিপি এর অ্যাকাউন্ট ভ্যালু অথবা পলিসিটির অভিহিত মূল্য (Face Amount)-র মধ্যে যেটি বেশী হয়; এবং<br>(২) অভিহিত মূল্যের ১০০% অর্থ মনোনীত সুবিধাগ্রাহীকে দুর্ঘটনাজনিত মৃত্যুর কারণে প্রদান করা হবে। |
| **আর্থিক কভারেজ / সুরক্ষা : দুর্ঘটনাজনিত স্থায়ী আংশিক অক্ষমতা, পঙ্গুত্ব বা অঙ্গহানি** | মেয়াদপূর্তির পূর্বে বীমাকৃত ব্যক্তির বীমা নিরাপত্তার আওতাধীন স্থায়ী আংশিক অক্ষমতা, পঙ্গুত্ব বা অঙ্গহানির ক্ষেত্রে :<br>(১) কোম্পানির পক্ষ হতে যথাশীঘ্র সম্ভব, পলিসির অভিহিত মূল্যের পূর্ব নির্ধারিত শতকরা অংশ প্রদান করা হবে;<br>(২) পলিসিটি চালু থাকবে; এবং<br>(৩) মেয়াদপূর্তিতে কোম্পানি ১০০% অ্যাকাউন্ট ভ্যালু বীমাকৃত ব্যক্তিকে প্রদান করবে। লক্ষ্যণীয়ঃ বীমা নিরাপত্তার আওতাধীন একাধিক দুর্ঘটনা জনিত ক্ষতির ক্ষেত্রে ক্ষতিপূরণ অভিহিত মূল্যের ১০০% এর অধিক হবে না।<br>দুর্ঘটনাজনিত আংশিক ক্ষতি, পঙ্গুত্ব বা অঙ্গহানির ক্ষেত্রে ক্ষতি পূরণ গ্রহণ করার পর বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে (১) কোম্পানি তাঁর মনোনীত সুবিধাগ্রাহীকে এমএফডিপিপি এর অ্যাকাউন্ট ভ্যালু অথবা পলিসিটির অভিহিত মূল্য (Face Amount)-র মধ্যে যেটি বেশী হয় তা প্রদান করবে; এবং (২) দুর্ঘটনাজনিত মৃত্যুর অভিহিত মূল্যের বাকি শতাংশ টাকার সমপরিমাণ অর্থ প্রদান করবে। তবে শর্ত থাকে যে, মৃত্যুর কারণ অবশ্যই দুর্ঘটনার সাথে সম্পর্কিত হতে হবে এবং দুর্ঘটনার তারিখ থেকে ৩৬৫ দিনের মধ্যে মৃত্যু সংঘটিত হতে হবে। অন্যথায় মৃত্যু দাবীর টাকা শুধুমাত্র অভিহিত মূল্য বা একাউন্ট মূল্যের মধ্যে যেটি বেশী হবে তাঁর মধ্যেই সীমিত থাকবে। |
| **আর্থিক কভারেজ / সুরক্ষা: দুর্ঘটনাজনিত স্থায়ী ও পূর্ণাঙ্গ পঙ্গুত্ব** | যদি বীমাকৃত ব্যক্তি মেয়াদপূর্তির আগে দুর্ঘটনায় পতিত হয়ে স্থায়ী ও পূর্ণাঙ্গ পঙ্গুত্বের শিকার হন সেক্ষেত্রে (১) কোম্পানি অনতিবিলম্বে বীমা অভিহিত মূল্যের ১০০% প্রদান করবে; (২) পলিসিটি চালু থাকবে; এবং (৩) মেয়াদপূর্তিতে কোম্পানি অ্যাকাউন্ট ভ্যালুর ১০০% বীমাকৃত ব্যক্তিকে প্রদান করবে।<br>এইরূপ পূর্ণাঙ্গ ও স্থায়ী পঙ্গুত্বের ক্ষতি পূরণ গ্রহণ করার পর কোন বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে এমএফডিপিপি এর অ্যাকাউন্ট ভ্যালু অথবা পলিসিটির অভিহিত মূল্য (Face Amount)-র মধ্যে যেটি বেশি হয় তা মনোনীত সুবিধাগ্রাহীকে প্রদান করা হবে। |
| **প্রত্যর্পণ / সারেন্ডার** | আপনি পলিসিটি মেয়াদপূর্তির তারিখের আগে যেকোন সময়ে প্রত্যর্পণ করতে পারেন। এক্ষেত্রে আপনার মোট জমাকৃত অ্যাকাউন্ট ভ্যালু থেকে বীমা প্রত্যর্পণের প্রক্রিয়া করণ ফি কেটে রেখে বাকি অঙ্ক আপনাকে দেয়া হবে। অনুগ্রহপূর্বক লক্ষ্য করুন যে, পলিসির প্রত্যর্পণ মূল্য জমাকৃত প্রিমিয়ামের চেয়ে কম হতে পারে। |

| | |
|---|---|
| **ঋণ সুবিধা অথবা আংশিক উত্তোলন** | এই পলিসি থেকে কোন ঋণ (Loan) অথবা আংশিক উত্তোলনের (Partial Withdrawals) ব্যবস্থা নেই। |
| **প্রত্যর্পণ/সারেন্ডার চার্জ** | এই পলিসির জন্য কোন প্রত্যর্পণ/সারেন্ডার চার্জ নেই। পলিসিটি প্রত্যর্পণের ক্ষেত্রে ৩০০ টাকা প্রক্রিয়াকরণ ফি প্রযোজ্য হবে। |
| **অন্যান্য চার্জসমূহ** | প্রিমিয়াম সম্পর্কিত ব্যয়গুলি নিম্নলিখিত হারে আপনার প্রিমিয়াম থেকে কেটে নেয়া হবে- |

| পলিসি বছর | ব্যয় (একক প্রিমিয়ামের শতাংশ) |
|---|---|
| ১ | ৯ |
| ২ এবং তদূর্ধ্ব | শূন্য |

- প্রশাসনিক এবং ব্যবস্থাপনা খরচ বাবদ ৫০ টাকা প্রতিমাসে প্রযোজ্য হবে।
- আপনার পছন্দমাফিক বীমা নিরাপত্তার উপর ভিত্তি করে মাসিক বীমা খরচ কর্তন করা হবে।
- আপনার বিনিয়োগলব্ধ আয় থেকে বিনিয়োগ সম্পর্কিত খরচগুলো কর্তন করা হবে।

## একটি ব্যাখ্যামুলক উদাহরণ

| একক প্রিমিয়াম (টাকায়) | মেয়াদ | পূর্বনির্ধারিত বীমা সুবিধাদি/কাভারেজ | | | | পরিবর্তনীয় সুবিধাদি / প্রক্ষেপিত মূল্য ৫% ক্রেডিটিং সুদের হারে (সিআইআর) | | | পরিবর্তনীয় সুবিধাদি / প্রক্ষেপিত মূল্য ৭% ক্রেডিটিং সুদের হারে (সিআইআর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অভিহিত মূল্য / মৃত্যু জনিত আর্থিক সুরক্ষা | দুর্ঘটনাজনিত মৃত্যুতে আর্থিক সুরক্ষা | দুর্ঘটনাজনিত পিপিডি (সর্বোচ্চ) | দুর্ঘটনাজনিত পিটিডি | দ্বিতীয় বছরের শেষে অ্যাকাউন্ট ভ্যালু | দ্বিতীয় বছরের শেষে প্রত্যর্পণ মূল্য | এমএফডিপিপির মেয়াদ শেষে মেয়াদ পূর্তি মূল্য | দ্বিতীয় বছরের শেষে অ্যাকাউন্ট ভ্যালু | দ্বিতীয় বছরের শেষে প্রত্যর্পণ মূল্য | এমএফডিপিপির মেয়াদ শেষে মেয়াদ পূর্তি মূল্য |
| ৩০০,০০০ | ৫বছর | ৪৫০,০০০ | ৯০০,০০০ | ৪৫০,০০০ | ৪৫০,০০০ | ২৯৭,০৫৬ | ২৯৬,৭৫৬ | ৩৩৭,৯০০ | ৩০৮,৬০৭ | ৩০৮,৩০৭ | ৩৭২,৩৩৪ |
| | ১০বছর | ৬০০,০০০ | ১,২০০,০০০ | ৬০০,০০০ | ৬০০,০০০ | ২৯৫,১৭৭ | ২৯৪,৮৭৭ | ৪০৬,২৮৬ | ৩০৬,৬৯১ | ৩০৬,৩৯১ | ৪৯৮,২৪৭ |
| | ১৫বছর | ৭৫০,০০০ | ১,৫০০,০০০ | ৭৫০,০০০ | ৭৫০,০০০ | ২৯৩,২৯৯ | ২৯২,৯৯৯ | ৪৬৭,১৬৭ | ৩০৪,৭৭৫ | ৩০৪,৪৭৫ | ৬৫২,০৪২ |
| | | | | | | | | | | | |
| ৫০০,০০০ | ৫বছর | ৭৫০,০০০ | ১,৫০০,০০০ | ৭৫০,০০০ | ৭৫০,০০০ | ৪৯৫,৯৩৯ | ৪৯৫,৬৩৯ | ৫৬৫,৪৭১ | ৫১৫,২০৯ | ৫১৪,৯০৯ | ৬২২,৯৮১ |
| | ১০বছর | ১,০০০,০০০ | ২,০০০,০০০ | ১,০০০,০০০ | ১,০০০,০০০ | ৪৯২,৮০৮ | ৪৯২,৫০৮ | ৬৮২,৫৩৭ | ৫১২,০১৬ | ৫১১,৭১৬ | ৮৩৬,৪০৪ |
| | ১৫বছর | ১,২৫০,০০০ | ২,৫০০,০০০ | ১,২৫০,০০০ | ১,২৫০,০০০ | ৪৮৯,৬৭৭ | ৪৮৯,৩৭৭ | ৭৮৮,৩১৭ | ৫০৮,৮২৩ | ৫০৮,৫২৩ | ১,০৯৮,৯৮৭ |

*এই উদাহরণ ৪৫বছর বয়স্ক বীমাকৃত পুরুষের জন্য প্রযোজ্য

## আমি কি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত?

আপনার বয়স যদি ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হয় তবে আপনি এই পলিসিটি ক্রয় করতে পারবেন। বিদ্যমান বীমাগ্রহীতা / বীমাকৃত ব্যক্তি যাদের মেটলাইফ বাংলাদেশ থেকে ক্রয়কৃত অন্য একটি পলিসির আংশিক বা পূর্ণ মেয়াদপূর্তি সম্পন্ন হয়েছে, তারাও এই পলিসিটি ক্রয় করতে পারবেন।

## আমি এই পলিসিটি কিভাবে কিনতে পারি?

আপনি যদি এই পলিসিতে আগ্রহী হন তাহলে আপনার আগ্রহের ব্যাপারে আমাদের ওয়েবসাইটে www.metlife.com.bd/bn/solutions/savings-investments/mfdpp/ গিয়ে জানাতে পারেন। পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সমূহ দাখিল করে একক প্রিমিয়াম জমা দিন। এটা খুবই সহজ একটি প্রক্রিয়া। আপনি যদি মেটলাইফের বিদ্যমান বীমা গ্রহীতা / বীমাকৃত হয়ে থাকেন তাহলে এই পলিসিটি ক্রয় করতে আপনার ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট এর সাথে পরামর্শ করুন।

## এই পলিসির অধীনে কীভাবে দাবি করা যায়?

আপনার পূরণ করা দাবি ফরমটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় কুরিয়ার করতে পারেন: ক্লেইমস বিভাগ, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী (মেটলাইফ বাংলাদেশ), মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০ বাংলাদেশ অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট/বিক্রয় অফিসে আপনার পূরণকৃত দাবি ফরমটি জমা দিতে পারেন।

- এই ঠিকানায় আপনি মেইল করতে পারেন claimsbangladesh@metlife.com.bd
- আপনি ফ্যাক্সও পাঠাতে পারেন +88 02 47112111
- ক্লেইম সম্পর্কিত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা আপনি আমাদের ওয়েবসাইটে পাবেন- (https://www.metlife.com.bd/claims/required-documents/)

## দায় অস্বীকারমূলক বিবৃতি

- এই পলিসিতে যেখানেই "ফিক্সড ডিপোজিট" শব্দটি ব্যবহার করা হয়েছে, তা এককালীন প্রিমিয়াম জমা কে বোঝাবে । যেহেতু এই পলিসিটি কোনও ব্যাংকিং প্রোডাক্ট নয়, তাই এই পলিসির বৈশিষ্ট্যকে কোনো ব্যাংকিং প্রোডাক্টের (ব্যাংকের "ফিক্সড ডিপোজিট" প্রোডাক্টসহ)বৈশিষ্ট্যের সাথে তুলনা করা উচিত নয় । উদাহরণ স্বরূপ, এই পলিসিতে বিনিয়োগলব্ধ আয় স্থির নয় এবং তা কোম্পানির বিনিয়োগের উপর ভিত্তি করে পরিবর্তিত হবে।
- এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলীর অধীনে থাকে।
- এই পুস্তিকার তথ্য সমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে।এই পুস্তিকায় প্রদর্শিত মূল্য সমূহ শুধু উদাহরণ স্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলী ও ব্যতিক্রমসমূহ বিস্তারিত ভাবে বীমা চুক্তি পত্রে অন্তর্ভুক্ত আছে।
- এই পুস্তিকার তথ্য এবং বীমা চুক্তি পত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।
- এই পুস্তিকার বাংলা এবং ইংরেজি সংস্করণের মধ্যে কোনো অসামঞ্জস্যতা থাকলে ইংরেজি সংস্করণ সঠিক হিসেবে বিবেচিত হবে
- এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবেনা বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্যনয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দা ও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।
- যেখানেই ব্যবহৃত হোক "রাইডার" শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি (সমূহ)কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত । রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য / তালিকা মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট (দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি (সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে রাইডার (যদি থাকে) সংযুক্ত থাকে, রাইডারটি অবসান এবং / অথবা মেয়াদপূর্তির তারিখে স্বয়ংক্রিয়ভাবে অবসান হবে অথবা প্রিমিয়াম প্রদানের মেয়াদ শেষে, যেটি আগে ঘটে।

## মেটলাইফ

MetLife Inc. (NYSE: MET), এর অঙ্গপ্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান (MetLife) এর সমন্বয়ে ২০১৮ সালে দেড়শত বৎসর উদযাপন করা বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, এ্যনুইটি, গোষ্ঠী বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: www.metlife.com

১৯৫২ সালে বাংলাদেশে ব্যবসা প্রতিষ্ঠার মধ্য দিয়ে মেটলাইফের এশিয়া যাত্রা শুরু হয়। বর্তমানে মেটলাইফ বাংলাদেশের সর্ববৃহৎ জীবনবীমা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। প্রায় ১০ লক্ষেরও বেশি গ্রাহকের সেবায় নিয়োজিত প্রতিষ্ঠানটি দেশের অন্যতম বৃহৎ নিয়োগকারী প্রতিষ্ঠান, যার রয়েছে ১৮ হাজারের বেশি সুদক্ষ কর্মী। ২০১০ সালে বাংলাদেশের বীমা কোম্পানিগুলোতে ক্রেডিট রেটিং শুরু হওয়ার পর থেকে সর্বোচ্চ রেটিং “AAA” স্বীকৃত মেটলাইফ বর্তমানে শীর্ষ করদাতা বীমা প্রতিষ্ঠানগুলোর মধ্যেও অন্যতম।

**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪**

**ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd**

**American.Life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলোতেও আমাদের সাথে থাকুন :



# MetLife Fixed Deposit Protection Plan (MFDPP)

## Save and protect your future with one time premium payment

MetLife

Navigating life together

# MetLife Fixed Deposit Protection Plan ( MFDPP)

## Save and protect your future with one time premium payment

We understand how important financial protection is for you to live the present and protect the future. You can now save for future, receive maturity value upon policy maturity and enjoy world-class insurance benefits with just a single premium payment. This policy is very convenient as you don't have to pay multiple premiums.

## Why MFDPP?

- Affordable one-time premium payment. No need to pay multiple premiums
- Financial protection of up to 2.5 times of your single premium
- Insurance protection up to 15 years
- Tax rebate benefits
- Maturity value upon policy maturity
- World-class insurance protection for:
  - Natural Death
  - Accidental Death
  - Accidental Permanent Partial Disability
  - Accidental Permanent Total Disability

## MetLife Fixed Deposit Protection Plan ( MFDPP) at a Glance

| | | |
|---|---|---|
| **Age at Entry** | Minimum: 18 years | Maximum: 60 years |
| **Policy Term** | Minimum: 5 Years | Maximum: 15 Years |
| **Face Amount** | The Face Amount of the Policy will vary according to your selected term. For example,<br>• For a term of 5-7 Years, Face Amount is 1.5 times of your single premium.<br>• For a term of 8-11 Years, Face Amount is 2 times of your single premium<br>• For a term of 12-15 Years, Face Amount is 2.5 times of your single premium | |
| **Minimum Face Amount** | BDT 100,000 | |
| **Maximum Face Amount** | Maximum Face Amount will be determined as per Company's underwriting guidelines. | |
| **Maturity Benefit** | If the policy matures without any covered losses happing to Insured, company pays 100% of the Account Value (AV) to the Insured. | |

| | |
|---|---|
| **Tax Rebate Benefits** | You are eligible for income tax benefits/ exemptions as per the applicable income tax laws in Bangladesh, which are subject to change from time to time. You may consult with your tax advisor for details. |
| **Financial Coverage: Natural Death** | Unfortunately, if the Insured dies of Natural causes before Maturity, higher of Account Value or Face Amount on the date of death will be paid to the beneficiary nominated by the Insured. |
| **Financial Coverage: Accidental Death (AD)** | If the Insured dies of Accidental injuries before maturity, the benefits payable would be:<br>(1) Higher of Account Value or Face Amount and<br>(2) 100% of Face Amount for Accidental Death Benefit. |
| **Financial Coverage: Accidental Permanent Partial Disabilities (APPD)** | In case of covered Permanent Partial Disabilities before maturity:<br>(1) The Insured will immediately receive predetermined percentage of Face Amount for Accidental PPD,<br>(2) The Policy would remain in-force, and<br>(3) Company would pay 100% of Account Value on Maturity<br>Note: APPD Benefit against multiple covered losses will not exceed 100% of Face Amount.<br>In case of Death of the Insured after receiving the APPD benefits Company would pay 1) Higher of Account Value or Face Amount and (2) remaining % of APPD on death provided that the cause of death could be linked to the accident and that the death occurred 365 days from the Date of Accident. Otherwise, the death benefit would be limited to higher of Account Value or Face Amount. |
| **Financial Coverage: Accidental Permanent total Disabilities (APTD)** | If the Insured meets with Accident and it causes him/her Permanent Total Disability the benefits payable would be:<br>(1) The Insured would immediately receive 100% of Face Amount,<br>(2) The Policy would remain in-force, and<br>(3) Company would pay 100% of Account Value on Maturity. |
| **Surrender** | MFDPP can be surrendered at any time before the maturity date where the accumulated account value less the surrender processing fee will be paid. Please note, surrender value may be less than the premium paid. |

| | |
|---|---|
| **Loan Facility or Partial Withdrawals** | There is no Loan or Partial Withdrawals facility available in this Policy. |
| **Surrender Charge** | There is no Surrender Charge for this Policy. A Processing Fee of BDT 300 will be applicable at the time of policy surrender. |
| **Other Charges** | See below |

**Other Charges**

- The following Premium related expenses will be applied to your premium-

| Policy Year | Expenses (% of Single Premium) |
|---|---|
| 1 | 9 |
| 2 onwards | Nil |

- A monthly Administration & Management Expense of BDT 50 will be applicable.
- Monthly cost of insurance will be deducted based on your chosen coverage.
- Investment related expense will be deducted from investment return.

## An illustrative example

| Single Premium (BDT) | Term | Pre-Determined Insurance Benefits / Coverage | | | | Variable Benefits/ Values Projected @ 5% Crediting Interest Rate | | | Variable Benefits/ Values Projected @ 7% Crediting Interest Rate | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Face Amount/ Death Coverage | Accidental Death Coverage | Accidental PPD (Max Up to) | Accidental PTD | Account Value @ End of 2nd Year | Surrender Value @ End of 2nd Year | Maturity Value @ End of MFDPP Term | Account Value @ End of 2nd Year | Surrender Value @ End of 2nd Year | Maturity Value @ End of MFDPP Term |
| 300,000 | 5 Years | 450,000 | 900,000 | 450,000 | 450,000 | 297,056 | 296,756 | 337,900 | 308,607 | 308,307 | 372,334 |
| | 10 Years | 600,000 | 1,200,000 | 600,000 | 600,000 | 295,177 | 294,877 | 406,286 | 306,691 | 306,391 | 498,247 |
| | 15 Years | 750,000 | 1,500,000 | 750,000 | 750,000 | 293,299 | 292,999 | 467,167 | 304,775 | 304,475 | 652,042 |
| | | | | | | | | | | | |
| 500,000 | 5 Years | 750,000 | 1,500,000 | 750,000 | 750,000 | 495,939 | 495,639 | 565,471 | 515,209 | 514,909 | 622,981 |
| | 10 Years | 1,000,000 | 2,000,000 | 1,000,000 | 1,000,000 | 492,808 | 492,508 | 682,537 | 512,016 | 511,716 | 836,404 |
| | 15 Years | 1,250,000 | 2,500,000 | 1,250,000 | 1,250,000 | 489,677 | 489,377 | 788,317 | 508,823 | 508,523 | 1,098,187 |

*This example is for Male Insured aged 45.

## Am I eligible to buy this Policy?

If your age is between 18 years to 60 years, you are eligible to buy this Policy. Existing Insureds of MetLife who are approaching a Partial or Full Maturity of their existing policies can also apply for this Policy.

## How do I enroll for this Policy?

If you are interested in this Policy, then you can submit your interest through our website www.metlife.com.bd/bn/solutions/savings-investments/mfdpp/. Fill-in the application form and submit it along with required documents and pay the single premium. It's that easy!If you are an existing Policy Owner/Insured of MetLife, then consult with your Financial Associate to buy this Policy.

## How to make a Claim under this Policy?

You can courier your filled-out claim form with required documents to the following address: Claims Department, American Life Insurance Company (MetLife Bangladesh), MetLife Building, 18-20 Motijheel C.A., Dhaka- 1000, Bangladesh or you can submit the claims form to our nearest customer touch points/sales offices.

- You can email us at claimsbangladesh@metlife.com.bd
- You can also send fax at +88 02 47112111
- Claims related forms and required document list are available on our website (https://www.metlife.com.bd/claims/required-documents/).

## Disclaimers

- The term " Fixed Deposit" wherever used in this Policy, refers to a one-time premium payment. Since this Policy is not a banking product, the features of this Policy therefore should not be compared with the features of any banking product (including a "fixed deposit" banking product). For example, the investment return of this Policy is not fixed and will vary based on investment performance of the company.
- This Policy is underwritten by American Life Insurance Company ('MetLife') and is always subject to terms and conditions described in the Policy.
- The information contained in this brochure is intended only for general understanding of the consumers. The numerical values shown in this brochure are for illustrative purposes only. The detailed terms, conditions and exclusions are included in the contract of insurance.
- For any discrepancies between the information contained this brochure and contract of insurance, the later shall prevail.
- If any discrepancies are found between the Bangla and the English versions of this brochure, the English version will be considered correct.
- This Policy is not available in the United States, or offered to U.S. persons; for purposes of this statement, a U.S. person is a citizen or resident of United States (including a U.S. permanent resident residing outside the U.S.), U.S. partnership and any trust that is controlled by one or more U.S. persons and is subject to the supervision of a U.S. Court.
- The term "Rider" wherever used herein shall mean and include any supplementary contract(s) attached with the basic Policy. The Rider is not a standalone product and it requires a basic Policy (the information/list of eligible basic Policy will be available to MetLife Financial Associate(s) and the required basic Policy(ies) shall be determined by MetLife) to become operative. The Rider (if any) attached with the basic Policy, will be automatically terminated on the termination and/or expiry date of the Rider or at the end of the Premium payment term, whichever is earlier.

# About MetLife

MetLife, Inc. (NYSE: MET), through its subsidiaries and affiliates ("MetLife"), is one of the world's leading financial services company who celebrated 150 years of navigating life together in 2018, provides insurance, annuities, employee benefits and asset management to help its individual and institutional customers navigate their changing world. Founded in 1868, MetLife has operations in more than 40 countries and holds leading market positions in the United States, Japan, Latin America, Asia, Europe and the Middle East.

For more information, visit www.metlife.com

MetLife's story in Asia can be traced back to Bangladesh when operations first began in 1952. Currently MetLife Bangladesh is the largest life insurer in the country. It serves over a million customers and is a major employer in Bangladesh with about 18,000 field force and employees. MetLife is one of the top tax paying insurance companies in Bangladesh that has been recognized for highest credit rating of 'AAA' since the rating of insurance companies began in Bangladesh in 2010.


**Hotline: 16344 or 09666716344**

**Fax: +880 2 9558682**

**www.metlife.com.bd**

**American.Life@metlife.com.bd**

American Life Insurance Company, MetLife Building, 18-20 Motijheel C.A., P.O. Box 9, Dhaka-1000, Bangladesh.


American Life Insurance Company is incorporated in the USA as a Limited Company.

To get the latest update about MetLife, be connected with us on social media: